**একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত সার্কুলার**

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা।**
**www.supremecourt.gov.bd**
**নিয়োগ শাখা**

সার্কুলার নং -৯ এ, তারিখ ঃ ২৩/০৭/২০১৫ খ্রিঃ।

**বিষয়ঃ আদালতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ব্যতিত বহিরাগত (উমেদার) কাউকে দিয়ে মামলার নথিতে আদেশ বা মামলা সংক্রান্ত কোন কিছু লিপিবদ্ধ না করা প্রসঙ্গে।**

সম্প্রতি অভিযোগ পাওয়া যাচ্ছে যে, দেশের অধস্তন আদালতসমূহে বিচারাধীন ও নিষ্পত্তিকৃত মামলার নথিতে সংশ্লিষ্ট আদালতের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ব্যতিত বহিরাগত ব্যক্তি (উমেদার) কর্তৃক আদেশ বা মামলা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি লিপিবদ্ধ করা হয়, যা অনভিপ্রেত, অনাকাঙ্খিত ও আইন বহির্ভূত। বিষয়টি একই সাথে উদ্বেগজনকও বটে। এতে করে স্পর্শকাতর ও জনগুরুত্বপূর্ণ মামলার নথিসহ অন্যান্য নথি হারিয়ে যাওয়ার ও নথিতে ঘষামাজার আশংকা থাকে। এর ফলে মামলার গোপনীয়তাও ব্যহত হয়। সর্বোপরি, নথির যে কোন প্রকার ক্ষতির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দায়বদ্ধতার বিষয়টি নিশ্চিত করা সম্ভব হয় না।

২। এমতাবস্থায়, এরূপ আইন বহির্ভূত কার্যকলাপ রোধে দেশের অধস্তন আদালতসমূহে বিচারাধীন ও নিষ্পত্তিকৃত মামলার নথিতে সংশ্লিষ্ট আদালতের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী ব্যতিত বহিরাগত ব্যক্তি (উমেদার) কর্তৃক আদেশ বা মামলা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি লিপিবদ্ধ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। একই সাথে উক্ত বিষয়টি সংশ্লিষ্ট আদালতের দায়িত্বপ্রাপ্ত বিচারকগণ-কে নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪। এ আদেশ অমান্যকারী সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আদেশক্রমে,

স্বাঃ/-
(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার জেনারেল (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

স্মারক নং - ১৬৮১৬ এ, তারিখ ঃ ২৩-----/০৭/২০১৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। জেলা জজ.............................................................(সকল)।
২। মহানগর দায়রা জজ..................................................(সকল)।
৩।বিভাগীয় বিশেষ জজ..................................................(সকল)।
৪।বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল..........................(সকল)।
৫।বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল...............(সকল)।
৬।বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল..........................................(সকল)।
৭।বিশেষ জজ (জেলা জজ)..................................................(সকল)।
৮।বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
৯।সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল..........(সকল)।
১০।চেয়রম্যান (জেলা জজ), কোর্ট অব সেটেলমেন্ট..........................................(সকল)।
১১।বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইসি, ঢাকা।
১৩। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৪। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত..........................................(সকল)।
১৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট..........................................(সকল)।
১৬। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট..........................................(সকল)।
১৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা [সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচারককে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

২৩/০৭/১৫খ্রিঃ
(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬
ই-মেইলঃ aziz_dr@supremecourt.gov.bd

desktop/various-17